

ইউনিট-G, কৃষি অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী

প্রবেশপত্র জমা নেয়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় কৃষি অনুষদভূক্ত ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগে (নির্ধারিত সময়ে) ভর্তির পর শূন্য আসনের বিপরীতে অপেক্ষমান চূড়ান্ত মেধাতালিকা ৩৬৭ থেকে ৪০০ পর্যন্ত নির্বাচিত ছাত্র-ছাত্রীদের পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র আগামী ০২-০১-২০১৭ ইং তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে জমা দেয়ার জন্য বলা হচ্ছে। উক্ত সময়ের মধ্যে যারা প্রবেশপত্র জমা দিতে পারবে না তাদের পরবর্তীতে ভর্তি হওয়ার কোনো সুযোগ থাকবে না এবং ভর্তি হতে পারবে না। রিপোর্টকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী শূন্য আসনের বিপরীতে ঐ দিন বেলা ০১.৩০ টায় ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে এবং আগামী ০৩-০১-২০১৭ ইং তারিখ দুপুর ০১.৩০ টার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও করণীয়ঃ

- ক) অন-লাইনে পূরণকৃত ০২ (দুই) কপি প্রিন্টেড ফরম (A4 সাইজের অফসেট কাগজ)
- খ) এস.এস.সি ও এইচ.এস.সি এর মূল নম্বরপত্র (বিভাগে ১ বছর জমা থাকবে)
- গ) এইচ.এস.সি এর মূল রেজিস্ট্রেশন কার্ড (বিভাগে ১ বছর জমা থাকবে)
- ঘ) ভর্তি পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র
- ঙ) একটি Legal Size-এর বাঁশপাতা খামের উপরে প্রার্থীর নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর এবং **Final Merit** (সাক্ষাতকারের পরের মেধাক্রম) লিখে কৃষি অনুষদ অফিসে জমা দিতে হবে।
- চ) ৩৮৫০.০০ (তিন হাজার আটশত পঞ্চাশ) টাকা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করতে হবে। ভর্তি ফিস প্রদানের বিস্তারিত নিয়মাবলী <http://admission.ru.ac.bd> - তে পাওয়া যাবে।
- ছ) বিভাগীয় ফিস সমূহ প্রদান সংক্রান্ত তথ্যাবলী স্ব স্ব বিভাগ থেকে জেনে নিতে হবে।

অন-লাইনে ভর্তি ফরম পূরণের নিয়মাবলী <http://admission.ru.ac.bd> - তে পাওয়া যাবে। অনলাইনে ভর্তি ফরম পূরণে যে কোন সমস্যা হলে তথ্যাদির জন্য কৃষি অনুষদ অফিসে (টেলিঃ ০৭২১-৭১১১৪২) যোগাযোগ করা যেতে পারে।

উলে-খ্য, যে কোনো ধরনের ভুল সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট G

ও

ডীন, কৃষি অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়